

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাঘারপাড়া, যশোর

উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর

<http://www.bagherpara.jessore.gov.bd>

নম্বর ০৫.৪৪.৪১০৯.০০০.২০.০০১.২২.১২২

তারিখ: ২০ ভাদ্র ১৪২৯

০৪ সেপ্টেম্বর ২০২২

নোটিশ

বিষয়: উপজেলা পরিষদের আগষ্ট-২২ মাসের মাসিক সাধারণ সভার নোটিশ(সংশোধিত) প্রেরণ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর এ পারম্পারিক ই-শিখন কর্মশালা আহবান করায় বাঘারপাড়া উপজেলা পরিষদের সেপ্টেম্বর'-২০২২ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ০৮ সেপ্টেম্বর'২০২২ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার এর পরিবর্তে আগামী ১২ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১.০০ টায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে cobagherpara@gmail.com প্রেরণ নিশ্চিত করণ এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা।
৪. ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৬. মাননীয় উপদেষ্টা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৮. উপজেলা পরিষদের বাসাবাড়ি ও দোকানঘর সম্পর্কিত আলোচনা।
৯. বিবিধ।



৭-৯-২০২২

সৈয়দ জাকির হাসান








উপজেলা নির্বাহী অফিসার

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-৩৯

তারিখঃ ০৪ সেপ্টেম্বর ' ২০২২খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তি স্বীকার
১.	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	 ৫-০৭-২২
২.	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	 ৫-০৭-২২
৩.	চেয়ারম্যান, জহরপুর ইউপি	 ০৭/০৭/২২ ০১৭৪২৬৪১৩/৬
৪.	চেয়ারম্যান, বন্দবিলা ইউপি	 ০৭/০৭/২০২২
৫.	চেয়ারম্যান, রায়পুর ইউপি	 ০৭/০৭/২২
৬.	চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি	 ০৭/০৭/২২ ০১৭৪২৬৪১৩/৬
৭.	চেয়ারম্যান, খলগ্রাম ইউপি	 ০৭/০৭/২২ ০১৭৪২৬৪১৩/৬
৮.	চেয়ারম্যান, দোহাকুলা ইউপি	 ০৭/০৭/২০২২ ০১৭৪২৬৪১৩/৬
৯.	চেয়ারম্যান, দরাজহাট ইউপি	 ০৭/০৭/২২ ০১৭৪২৬৪১৩/৬
১০.	চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি	 ০৭/০৭/২২ ০১৭১৫৬৬৭৭৮০
১১.	চেয়ারম্যান, জামদিয়া ইউপি	 ০৫/০৭/২২ ০১৭৬৭-৪৯৮-২৪৫

uz1l1gd, digkhulna, DC Jashore- Md. Tamijul Islam ... 9:25 AM
বাঘারপাড়া উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২২ মাসের সাধারণ সভার ...

বাঘারপাড়া উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২২ মাসের সাধারণ সভার নোটিশ প্রেরণ

Mon, Sep 5 9:25 AM Show less

From: me
To: uz1l1gd <uz1l1gd@gmail.com>, digkhulna <digkhulna@gmail.com>, DC Jashore- Md. Tamijul Islam Khan <dcjessore@gmail.com>, ddigjashore <ddigjashore@gmail.com>, upazilaofficergroup@googlegroups.com, uiscbagherpara <uiscbagherpara@googlegroups.com>

Meeting Notice.jpg

15317

Inbox

Drafts

Sent

All Documents

Junk

+ New folder

MON 5

9 AM

10 AM

11 AM

12 PM

1 PM

2 PM

3 PM

4 PM

5 PM

6 PM

7 PM

8 PM

9:34 AM 05-09-2022

যাওয়াপাড়া উদ্যোগে পশ্চিম মেঘনা/২০২২ সালের
সামগ্রিক আঞ্চলিক সভা

সভাপতি :- জনাব খিদিরাবাদিয়ার মাহবুব আলী
ফোয়ারমান, উদ্যোগে পশ্চিম, যাওয়াপাড়া

স্থান :- উদ্যোগে পশ্চিম মিলনাপাড়া

তারিখ :- ২২/০৯/২০২২ খ্রি: জামরার বেলা - ১১ ঘটিকায়

সভায় উপস্থিত জনপ্রতিনিধীগণের স্বাক্ষর :-

১/ জনাব মো: আ: রফিক, লেফাং ফোয়ারমান, উদ্যোগে পশ্চিম → ২২/০৯/২২

২/ জনাব খিদিরাবাদিয়া মাহবুব আলী " " " → ২২/০৯/২২

৩/ জনাব, পীরগাও, যাওয়াপাড়া → ২২/০৯/২২

৪/ ফোয়ারমান, উদ্যোগে ইতিমধ্যে যাওয়াপাড়া → ২২/০৯/২২

৫/ " বনবিলা " " " → ২২/০৯/২২

৬/ " কামপুর " " " → ২২/০৯/২২

৭/ " মাহবুবাবাদিয়া " " " → ২২/০৯/২২

৮/ " খলগ্রাম " " " → ২২/০৯/২২

৯/ " দোহাটলা " " " → ২২/০৯/২২

১০/ " মাহবুবাবাদিয়া " " " → ২২/০৯/২২

১১/ " বাজুপাড়া " " " → ২২/০৯/২২

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি

: ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান

: উপজেলা পরিষদ মিলনায়তন, বাঘারপাড়া, যশোর

তারিখ ও সময়

: ১২ সেপ্টেম্বর/২০২২ সোমবার, বেলা-১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

- ০১) জনাব মোঃ আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব বিখীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব মোঃ কামরুজ্জামান, মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহুরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব মোঃ সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব মোঃ ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১০) জনাব মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১১) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১২) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

অনুপস্থিতি নাই

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

- ০১) জনাব মোঃ রুহুল আমিন, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব মোঃ হাসান ইমাম, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব এ.টি.এম মাসুদ হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব মোঃ মাহবুবুর রহমান, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব রাজকুমার পাল, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব বিপুল কুমার সরকার, ক্ষেত্র সহকারী, উপজেলা মৎস্য কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব মোঃ সেলিমুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১০) ড: মোঃ শিমুল হোসেন, এলইও, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর।
- ১১) জনাব মোঃ আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর।
- ১২) জনাব প্রদীপ কুমার বিশ্বাস, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৩) জনাব মোঃ আকরাম হোসেন খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৪) মোঃ শাহীন কবির, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর।
- ১৫) জনাব ডাঃঅরুণ জ্যোতি ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৬) জনাব উত্তম কুমার, উপসহকারী প্রকৌশলী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার পক্ষে, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

অনুপস্থিতি নাই

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন। সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি।	সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার।
০২.	পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরূপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির কোন সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপিত হয়নি।	স্থায়ী কমিটিসমূহের সভার নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানানো হয়।	১। সভাপতি/সদস্য সচিব, স্থায়ী কমিটি(সকল), উপজেলা পরিষদ,
০৪	৪. উন্নয়নমূলক (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- (ক) উপজেলা প্রকৌশলী দ্রুততার সহিত ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প(এডিপি) এর আওতায় উন্নয়ন তহবিল নির্দেশিকা মেনে প্রকল্প দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। (খ) উপজেলা প্রকৌশলী এলজিইডি রোড ইনভেনটরীতে অন্তর্ভুক্তির জন্য নতুন সড়কের তালিকা পরিশিষ্ট “ক” আকারে সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে বর্ণিত তালিকা অনুমোদনপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। (গ) <u>অনুমোদিত মাষ্টার প্লান অনুযায়ী উপজেলা পরিষদের নতুন হলরুম নির্মাণের স্থানে অবস্থিত জরাজীর্ণ অব্যবহৃত বিআরডিবি গোড়াউন কনডেমনেশন এর মাধ্যমে অপসারণ:</u> যশোর জেলার বাঘারপাড়া উপজেলা পরিষদের অনুমোদিত মাষ্টার প্লান অনুযায়ী উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন ও হলরুম নির্মাণের স্থানে জরাজীর্ণ/পরিত্যক্ত উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরের গোড়াউন (বিআরডিবি গোড়াউন) যা বর্তমানে বিআরডিবি দপ্তর কোন কাজে ব্যবহার করেন না এবং যেকোন সময় ভেঙ্গে পড়ে দুর্ঘটনা ঘটতে পারে। উক্ত ভবন অপসারণ না করলে নতুন হলরুম নির্মাণ কার্যক্রম শুরু করা সম্ভব হচ্ছে না। তৎপ্রেক্ষিতে বর্ণিত ভবন কনডেম ঘোষণা করার লক্ষ্যে উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত=৩,৬৬,৪২১.০০(ভাঙ্গা খরচসহ) টাকার একটি প্রাক্কলন সভায় উপস্থাপন করা হয়। যা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বলা হয় ইতোপূর্বে অত্র দপ্তর থেকে প্রস্তাব প্রেরণ করা হলে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডে এর ৩১/০৩/২০১৯খ্রিঃ তারিখের ৪৭.৬২.০০০০.২১০.০০.০৬৮.১৩.২৮৩৮নং স্মারকপত্রে বিআরডিবি’র ৪৯ তম বোর্ড সভায় সিদ্ধান্ত মোতাবেক সমতুল সম্পদ প্রদান করার বিনিময়ে গোড়াউনটি ভাঙ্গার প্রস্তাব প্রেরণ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে বলা হয়, উপজেলা পরিষদের নতুন হলরুম নির্মাণ হলে বিআরডিবি’র বর্ণিত গোড়াউনের প্রায় সমপরিমাণ উপজেলা পরিষদের বর্তমান হলরুমটি বিআরডিবি’কে গোড়াউন হিসাবে ব্যবহারের জন্য প্রদান করা হবে। বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করে কনডেমনেশনের অনুমোদন প্রাপ্তির পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো।	(ক) চলতি মাসের মধ্যে সংশ্লিষ্ট সকলকে চেয়ারম্যান, উপজেলা পরিষদ বরাবর প্রকল্প দাখিল করার জন্য বলা হয়। (খ) বর্ণিত পরিশিষ্ট- “ক” তালিকা অনুমোদনপূর্বক করা হয়। (গ) উপজেলা পরিষদের নতুন হলরুম নির্মাণের স্বার্থে দ্রুততার সহিত প্রাক্কলনকৃত জরাজীর্ণ/ পরিত্যক্ত এবং অব্যবহৃত বিআরডিবি গোড়াউন ভাঙ্গার জন্য উপজেলা পরিষদের বর্তমান হলরুমটি বিআরডিবি’কে গোড়াউন হিসাবে ব্যবহারের জন্য প্রদান করার মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। ইউপি চেয়ারম্যান(সকল) ৪। সংশ্লিষ্ট সকল (খ) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। উপজেলা প্রকৌশলী (গ) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। উপজেলা প্রকৌশলী (৪) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

০৫.	আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব) (ক) ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি ও ইউজিডিপি এর টেন্ডার বিজ্ঞপ্তি এর পত্রিকা বিল পাইবার জন্য পত্রিকা দপ্তর হতে আবেদন করায় উপজেলা প্রকৌশলী কর্তৃক বিল প্রস্তুত করে সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বিল প্রদানের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। (খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদের মৌখিক নির্দেশে উপজেলা পরিষদের গাড়ি মেরামত করে উক্ত কাজে ব্যয়িত =২৪৫৩৫/- (চব্বিশ হাজার পাঁচশত পয়ত্রিশ) টাকা এর বিল পাওয়ার জন্য গাড়ী চালক জনাব মোঃ পলাশ হোসেন কর্তৃক আবেদন দাখিল করেছেন, যা সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বিল প্রদানের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। (গ) উপজেলা পরিষদের অভ্যন্তরের আগাছা ও ঘাস মারার জন্য কটনাশক স্প্রে কাজে ব্যয়িত শ্রম মুজুরী বাবদ ২৮৫০/- (দুই হাজার আটশত পঞ্চাশ) টাকা ব্যয় হয়েছে যার বিল পাওয়ার জন্য পরিচ্ছন্নতাকর্মী জনাব খলিল হোসেন আবেদন করেছেন, যা সভায় উপস্থাপন করা হয়। (ঘ) উপজেলা পরিষদ এর কার্যক্রম ত্বরান্বিত করতে এবং ই-নথির মাধ্যমে কার্যক্রম বাস্তবায়ন করার জন্য দ্রুত গতির ইন্টারনেট সংযোগ অতীব জরুরী বিধায় তিনটি পকেট রাউটার যার সিম নম্বর- ০১৯৮৩৪৯৪৩২৫, ০১৯৮৩৪৯৪৪২৩, ০১৯৮৩৪৯৪৩২৭ এর জন্য ৫০০/- (পাঁচশত) টাকা করে মোট-১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকার মধ্যে তিনটি প্যাকেজ এবং চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনের অফিস কক্ষের জন্য দুইটি রাউটারের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা সর্বমোট=২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকার ইন্টারনেট বিল প্রতিমাসে প্রদানের বিষয়ে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	(ক) বিলটি অনুমোদনকরতঃ প্রদানের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) বিলটি অনুমোদনকরতঃ প্রদানের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) বিলটি অনুমোদনকরতঃ প্রদানের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। (ঘ) ইন্টারনেট বিল বাবদ =২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।	(ক) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার ৩। উপজেলা প্রকৌশলী (খ) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার (গ) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার (ঘ) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৬.	অপারেশনাল (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যাস্তকৃত/শ্রেণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ) কোন সুপারিশ নাই	---	----
০৭.	সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	(১) উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকান্ড সুষ্ঠুভাবে চলমান আছে। (২) তিনি তার দপ্তর থেকে নতুন ফরমেট সংগ্রহ করে দ্রুততার সহিত নতুন ইউনিয়ন পরিষদ ভবন তৈরী এবং পুরাতন ভবন মেরামত/সংস্কার প্রস্তাব দ্রুততার সহিত প্রেরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানান।	(১) দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়। (২) আগামী এক সপ্তাহের মধ্যে প্রস্তাবনা প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(১) উপজেলা প্রকৌশলী (২) (ক) উপজেলা নির্বাহী অফিসার (খ) উপজেলা প্রকৌশলী (গ) ইউপি চেয়ারম্যান (সকল)

খ. স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, করোনা রোগী ২০২২ সাল অদ্যাবধি ৪১ জন। বর্তমান চিকিৎসাধীন ০০, মৃত্যু ০১ জন। কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান। মোট জনসংখ্যা ২৫৬৬২৭, ১ম ডোজ পেয়েছে ১৭৩১৪১ জন (৬৮%) এবং ২য় ডোজ ১৬৫৫৯৫ জন (৬৫%) সম্পন্ন হয়েছে। আইসোলেশনে ২০ টি বেড প্রস্তুত আছে, আইসোলেশন বেডে ৩১ টি অক্সিজেন সিলিন্ডার, অক্সিজেন ফ্লোমিটার ১৮ টি এবং ৮ টি অক্সিজেন কনসেন্ট্রেটর প্রস্তুত আছে। সন্দেহজনক রোগীর স্যাম্পল পাঠানো অব্যাহত আছে। ২৩ টি কমউনিটি ক্লিনিকে সর্বমোট ২২৭৮৩ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৬৯০ জন রোগীকে জটিলতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১৩০৩ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বহিঃ বিভাগ থেকে ৫৩২৩ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ৮৪৩ জন রোগীকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এবং জন রোগীকে অন্তঃবিভাগে ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। সাভাবিক ডেলিভারী ৫০ জন, ১৬ জন সিজারিয়ান অপারেশন করা হয়। ২৪২ জন রোগীকে ভায়া পরীক্ষা হইয়াছে। ৭টি সহকারী স্বাস্থ্য পরিদর্শক পদের মধ্যে ১ টি পদ পূরণ আছে। স্বাস্থ্য পরিদর্শক ২ টি পদের মধ্যে ২ টি পদ শূন্য আছে। হাসপাতালে পরিচ্ছন্নতাকর্মী ৫ টি পদের মধ্যে ৩ টি শূন্য, ওয়ার্ডবয় ৩ টি পদের মধ্যে ৩ টি পদ শূন্য, আয়া ২ টি পদের মধ্যে ২ টি শূন্য। ইপি আই কার্যক্রম চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।
গ. কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, খরিফ-২ মৌসুমে লক্ষ্যমাত্রা অনুযায়ী ১৬৮০০ হেক্টর জমিতে রোপা আমন ধানের আবাদ হয়েছে। আউশ ধানের আবাদ হয়েছে ১৩১০ হেঃ। ইতোমধ্যে আউশ ধান কর্তন ৮০% সম্পন্ন হয়েছে। গড় ফলন ৪.৮০ মেঃটন/হেঃ। রোপা আমনে সম্পূরক সেচ প্রদানের জন্য সকল সেচ যন্ত্র চালু রাখার জন্য সেচ যন্ত্রের মালিকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। রোপা আমনে চাষে যেন কৃষকরা সময়মতো ন্যায্য মূল্যে সার ক্রয় করতে পারেন তার জন্য সার্বক্ষণিক মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। চলতি মাসে ৪২৮ মেঃটন ইউরিয়া, ১৭৪ মেঃটন ডিএপি, ১১৮ মেঃটন টিএসপি, ৬০ মেঃটন এমওপি বরাদ্দ পাওয়া গেছে এবং উপসহকারী কৃষি কর্মকর্তাদের তত্ত্বাবধানে ডিলারদের মাধ্যমে বিক্রয় করা হচ্ছে। বর্তমানে ইউরিয়া-৭৬ মেঃটন, টিএসপি-৭২ মেঃটন, ডিএপি-৯৩ মেঃটন, এমওপি-১২৭ মেঃটন মজুদ আছে। নির্বিল্পে রোপা আমন ধান চাষের জন্য ২৯৮০ মেঃটন ইউরিয়া, ৭৯৭ মেঃটন টিএসপি, -৫৬৯ মেঃটন ডিএপি, -১৮৬৩ মেঃটন এমওপি সারের জরুরী ভিত্তিতে অতিরিক্ত চাহিদা দিয়ে জেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে পত্র প্রেরণ করা হয়েছে। আগাম শীতকালীন সবজি চাষের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তারা কৃষকদের সার্বিক পরামর্শ প্রদান করছেন। বিশেষ কর্মসূচীর আওতায় ফল গাছের পরিচর্যা, ভার্মি কম্পোষ্ট/কম্পোষ্ট তৈরী, পুষ্টি বাগান স্থাপন সহ অন্যান্য কার্যক্রমের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে। কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায় মাসকলাই আবাদের জন্য ১বিঘা করে ৫০ জন কৃষকের রাসায়নিক সার ও বীজ প্রদানের জন্য বরাদ্দ পাওয়া গেছে। ইতোমধ্যে উপজেলা কৃষি পূর্ণবাসন বাস্তবায়ন কমিটির মিটিং এর মাধ্যমে ইউনিয়ন/পৌরসভা বিভাজন দেওয়া হয়েছে। কৃষকদের অগ্রাধিকার তালিকা এসএএওদের মাধ্যমে প্রস্তুত কাজ চলমান রয়েছে। খামার যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় কৃষকদের আবেদনের প্রেক্ষিতে ভর্তুকী মূল্যে পাওয়ার টিলার চালিত সিডার ১৬টি, কম্বাইন্ড হারভেস্টার-৩টি, পাওয়ার থ্রেসার ৪টি, বেড প্লান্টার ৯টি, পটেটো ডিগার ১টি, পাওয়ার স্প্রেয়ার ১টি, ক্যারেটওয়াশার ১টি ক্রেতার জন্য আগ্রহী কৃষকের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। প্রকল্প কার্যালয়ে অনুমোদিত হওয়ার পর অনুমোদিত সংখ্যক অগ্রাধিকার তালিকার উপকরণ চাষীদের মধ্যে বিতরণ করা হবে। এছাড়া বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী স্থাপন, মাঠ দিবস কৃষক প্রশিক্ষণসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা।

ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, বিল নার্সারী কার্যক্রমের আওতায় রাধানগর বাঁওড়ে উৎপাদিত মাছের পোনা উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর মহোদয় এবং কমিটির সদস্য ও সুফলভোগীদের উপস্থিতিতে বাওড়ে অবমুক্ত করা হয়। উপজেলা প্রশাসনের সহযোগিতায় বাঘারপাড়া উপজেলার বিভিন্ন বাজারে মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। উক্ত মোবাইল কোর্ট পরিচালনার সময় ছাতিয়নতলা বাজারে ১টি প্রতিষ্ঠানের মৎস্য খাদ্য বিক্রয়ের লাইসেন্স না থাকায় মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এর আওতায় ১০,০০০/- (দশ হাজার) টাকা মাত্র জরিমান করা হয় ও ২ টি মৎস্য বিক্রেতাকারী প্রতিষ্ঠানের কোন অস্তিত্ব না পাওয়ায় প্রতিষ্ঠান ২টির লাইসেন্স বাতিলের আবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়। অত্র দপ্তরের অনুকূলে মৎস্য অধিদপ্তর কর্তৃক এপিএ চুক্তিতে মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থানের জন্য ৩ (তিন) টি লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে। উক্ত লক্ষ্য মাত্রার আলোকে অধিদপ্তর কর্তৃক কোন বরাদ্দের ব্যবস্থা নেই। উক্ত এপিএ কার্যক্রম বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ হতে অর্থায়ন সম্ভব হলে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো। এছাড়াও দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। তিনি আরো জানান যে, (১) কৃত্রিম প্রজনন ক) তরল সিমেন- ২৩৪টি, খ)হিমায়িত সিমেন-১২৫০টি, (২) টিকা প্রদান- (ক) গবাদি পশু-২৮৬০টি, (খ) হাস-মুরগী-২৯০০০টি, (৩) চিকিৎসা প্রদান- (ক) গবাদি পশু-২০৪৭টি, (খ) পোষা প্রাণী- ০২টি, (৪)খামার পরিদর্শন-০৮টি (৫) উঠান বৈঠক-০৪টি সম্পন্ন করা হয়েছে।	দাপ্তরিক কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসেবা দপ্তর:	বয়স্ক ভাতা প্রত্যাশীদের অপেক্ষমান তালিকা স্বস্থ ইউনিয়ন কমিটির মাধ্যমে প্রেরণের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বরাবরে চিঠি প্রেরণ করা হয়েছিল, বাসুয়াড়ী ইউনিয়ন ব্যতিত সকল ইউনিয়নের তালিকা পাওয়া গেছে। ২০২২-২৩ অর্থ বছরে প্রতিবন্ধী ভাতা প্রত্যাশীদের অনলাইনে আবেদন করতে হবে এবিষয়ে সংশ্লিষ্ট সকলকে পত্র প্রদান করা হয়েছে। পৌরসভাসহ সকল ইউনিয়ন হতে সর্বমোট-৬৬৭ টি আবেদন পাওয়া গেছে। বরাদ্দ পাওয়ার পর পরবর্তি ব্যবস্থা নেওয়া হবে। বিভাগের অন্যান্য কার্যক্রম সন্তোষজনক।	ভাতা প্রদান ও দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।	(১) উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দপ্তরের কার্যপত্র থেকে জানা যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৮৮৫৯ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৬০৭৮(চক্র) কনডম ১৪৯৩৪ (পিস) ইনজেকটেবল ১০৩৫ জন আইইউডি ০৮জন, ইমপ্লান্ট ৪৫জন, স্থায়ী পদ্ধতি পরুষ ০০জন, মহিলা ০০ মোট ০০ জন।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.শিক্ষা বিভাগ (প্রাথমিক):	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১৫ আগস্ট ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭তম শাহাদৎ বাষিকী উপলক্ষে অত্র উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় পালনকরাসহ রচনা প্রতিযোগিতা, কবিতা আবৃত্তি, চিত্রাংকন প্রতিযোগিতাসহ সকল প্রাথমিক বিদ্যালয়ে মন্ত্রনালয়ের নির্দেশনা অনুযায়ী সকল প্রকার কার্যক্রম বাস্তবায়িত হয়েছে। বঙ্গবন্ধু মানেই স্বাধীনতা ও ৩০৫৩ দিন নামের ০২টি বই অত্র উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রদান করা হয়েছে। বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ এবং বঙ্গমাতা কেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২২ এর জেলা পর্যায়ে অংশ গ্রহনের তারিখ নির্ধারন হয় নাই। উর্দ্ধতন অফিস কর্তৃক প্রাপ্ত সকল নির্দেশনা বাস্তবায়নের জন্য প্রধান শিক্ষকদের মাসিক সমন্বয় সভায় অবহিত করা হয়েছে। অত্র উপজেলার শিক্ষকদেরসহ দাপ্তরিক অন্যান্য সকল নিয়মিত কার্যক্রম যথাযথভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা শিক্ষা কর্মকর্তা

ঝ. শিক্ষা বিভাগ (মাধ্যমিক):	(১) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। (২) চেয়ারম্যান, জহরপুর, নারিকেলবাড়িয়াসহ বিভিন্ন ইউপি চেয়ারম্যানবৃন্দ জানান যে, তাদের ইউনিয়নের মধ্যে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কোন উন্নয়ন বা অনুষ্ঠানাদিতে তাদেরকে অবহিত করে না। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে উপজেলাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রতিষ্ঠানে যে কোন ধরনের উন্নয়ন ও অনুষ্ঠানাদিতে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও সদস্যদেরকে অবহিতকরণ/দাওয়াতপত্র প্রদান করার নির্দেশনা প্রদান করে পত্র প্রেরণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।	(১) দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা জন্য অনুরোধ জানানো হয়। (২) সকল শিক্ষা প্রতিষ্ঠানকে পত্র দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	(১) ও (২) উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
ঞ. পল্লী উন্নয়ন বিভাগ:	(১) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নে কাজ করে আসছে। তাছাড়া গ্রামের সাধারণ জনগণকে একত্রিত করে সংগঠনের মাধ্যমে স্বনির্ভরতা অর্জন, পুষ্টি গঠন, প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কৃষক সমিতি, বিত্তহীন পুরুষ ও মহিলাদের নিয়ে কার্যক্রম পরিচালনা করে থাকে। ২২৮টি সমিতির ৬৫৮৯ জন সমবায়ীর মাঝে ২০২২-২৩ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫৩৫.১৮ লক্ষ টাকা। তন্মধ্যে চলতি আর্থিক বছরে ৮৩জন সদস্যর মধ্যে ২৯.৭০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ৩১.১৮ ঋণ আদায় করা হয়েছে। বিআরডিবি আওতাভুক্ত সকল প্রকল্প/কর্মসূচীর মাধ্যমে দারিদ্র্যতা নিরসনে ও আত্মনির্ভরশীলতা সৃষ্টি কল্পে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। বিভিন্ন সমিতিতে চলতি ও খেলাপী ঋণের টাকা আদায়ে সম্মনিত চেয়ারম্যানবৃন্দ ও অন্যান্য কর্মকর্তাদের আন্তরিক সহযোগিতা কামনা করেন। (২) জোড়াবাড়ী-২ এর বকেয়া ভাড়া প্রাপ্তির জন্য জোড়াবাড়ী এর আয়বটন ও রক্ষনাবেক্ষণ কমিটির সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত প্রস্তাব উত্থাপন করা হলো- (ক). জনাব মো: বুলবুল হাসান, পিপিএম, উপজেলা কৃষি কর্মকর্তার কাযালয়, বাঘারপাড়া, যশোর এর নিকট জানুয়ারী-২০১৮ হতে সেপ্টেম্বর- ২০২২= ২২মাসের ভাড়া বাবদ মাসিক ৩০০০/- টাকা হারে ১৭১০০০/- টাকা পাওয়া যাবে তার মধ্যে ১২০০০০/- তিনি উপজেলা পরিষদের নিকট পরিশোধ করেছেন এবং ৫১০০০/- তাঁর নিকট পাওয়া যাবে। (খ) জনাব মোহা: সামিরা খাতুন অফিস, সহকারী কাম কম্পিউটার অপারেটর, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কাযালয়, বাঘারপাড়া, যশোর এর নিকট জানুয়ারী- ২০১৮ হতে এপ্রিল-২০১৯= ১৬মাস ও এপ্রিল-২০২০ হতে জুন- ২০২০= ০৩ মাস এবং জুলাই- ২০২০ হতে সেপ্টেম্বর ২০২২= ২৭মাস মোট (১৬+৩+২৭)=৪৬ মাস ভাড়া বাবদ মাসিক ৩০০০/- টাকা হারে ১৩৮০০০/- টাকা পাওয়া যাবে তার মধ্যে ৫৭০০০/- তিনি উপজেলা পরিষদের নিকট পরিশোধ করেছেন এবং ৮১০০০/- তাঁর নিকট পাওয়া যাবে। উপরে বর্ণিত ২ এর(ক) ও (খ) এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বিষয়টি পর্যালোচনা পূর্বক প্রতিবেদন প্রদানের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হয়। কমিটিঃ ১। উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর-- সভাপতি ২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর-- সদস্য সচিব ৩। চেয়ারম্যান, রায়পুর ইউনিয়ন পরিষদ, বাঘারপাড়া, যশোর--সদস্য ৪। সাঁট-মুদ্রাঃ কাম কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর-- সদস্য	(১) দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। (২) বর্ণিত কমিটিকে দ্রুততার সহিত বিস্তারিত পর্যালোচনাপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য বলা হয়।	(১) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (২) (ক) চেয়ারম্যান উপজেলা পরিষদ (খ) উপজেলা নির্বাহী অফিসার (গ) গঠিত কমিটি
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাধ্যমে এ পর্যন্ত ১০২৬১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যার মধ্য থেকে ৪০০১ জন যুব ও ২০৬৮ জন যুব মহিলাকে আত্মকর্মী করা হয়েছে। এছাড়া প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে ১০২৪ জন যুব ও ৬৩০ জন যুব মহিলা সহ মোট ১৬৫৪ জন কে যুব ঋণ হিসাবে ৪.৭০.০১.৩০০/- (চার কোটি সত্তর লক্ষ এক হাজার তিনশত) টাকা প্রদান করা হয়েছে, যার আদায় হার ৯৭%। তিনি সভায় আরও জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

ঠ. সমবায় বিভাগ :	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৬০টি ২০২১-২০২২সনে অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত মোট ১৪টি প্রাথমিক সমিতি অডিট সম্পাদন করা হয়েছে। ২০২০-২০২১সনে মোট আদায়যোগ্য অডিট ফি ১,১০,৭০০/-টাকা। আদায়কৃত অডিট ফি ১,১০,৭০০/-টাকা আদায়ের হার ১০০%। এছাড়া আদায়যোগ্য সিডিএফ ধার্য করা হয়েছে-৬২৪৪৫/-টাকা, যার মধ্যে আদায় হয়েছে ৪৯,২৫১/-টাকা, আদায়ের হার ৭৯%। উপজেলার ৪ (চার) টি আশ্রয়ণ প্রকল্পে মূল বরাদ্দ পাওয়া গেছে ৭৬০০০০/-টাকা উহাসহ এপর্যন্ত ধুণায়মান হিসাবে মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩৭,৭৩,০০০/-টাকা এবং চলতি মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৭,১০০/-টাকা এখানে মোট আদায়যোগ্য ঋণের পরিমাণ ৪০,৭৪,৮৪০/-টাকা মোট ঋণ আদায় ৩৫,৪৬,৬৯৪/-টাকা অনাদায়ী ঋণের পরিমাণ ৫,৩৩,১৪৬/-টাকা। আদায়ের হার ৮৭%।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বাঘারপাড়া উপজেলায় বর্তমানে ভিডলিউবি উপকারভোগীর সংখ্যা ২১৫১ জন। ভিডলিউবি কার্যক্রমের আওতায় আগস্ট/২২ মাস পর্যন্ত ভাতাভোগীদের খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে। সেপ্টেম্বর/২০২২ মাসের খাদ্য বিতরণের ডিও প্রদান করা হয়েছে। মাতৃকালীনভাতা ও ল্যাকটেটিং মাদার সহায়তা কর্মসূচির আওতায় ভাতাভোগীদের এজিওর মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের আওতায় বর্তমানে ১৬ তম ব্যাচে ২৫ (পঁচিশ) জন করে দুটি ট্রেডে মোট ৫০ জন মহিলার প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান রয়েছে। সেপ্টেম্বর/২০২২ মাস পর্যন্ত ৩১৯ জনকে ৩৩,২৮,০০০ টাকা প্রদান করা হয়েছে। বাঘারপাড়া উপজেলায় ১০(দশ) টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে, পাশাপাশি ক্যারাটে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। বাল্য বিবাহ, নারী নির্যাতন, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠান বৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
ঢ. ব্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার পক্ষে সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ণ. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তাঁর দপ্তরের নতুন ভবন টেন্ডার কার্যক্রম বাস্তবায়ন সম্পন্ন হয়েছে, খুব শীঘ্রই বর্তমান ভবনের পাশে খালি জায়গাতে নতুন ভবন তৈরীর কার্যক্রম শুরু হবে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ত. বন বিভাগ	(১) ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান আছে। (২) উপজেলা প্রকৌশলী বাঘারপাড়া জানান যে, (ক) বাঘারপাড়া হতে নারিকেলবাড়িয়া পর্যন্ত (খ) ধলগা রাস্তার মোড় হতে ধলগ্রাম হয়ে নারিকেলবাড়িয়া পর্যন্ত এলজিইডি এর রাস্তায় কিছু কিছু গাছ রাস্তার ভিতরে এবং একবারে রাস্তার সাথে লাগোয়া কিছু গাছ কর্তন না করিলে গাছের সাথে যানবাহনের যেকোন সময় বড়ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে দ্রুততার সহিত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করে উপজেলা পরিষদকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। (২) বর্ণিত বিষয়ে দ্রুততার সহিত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করে উপজেলা পরিষদকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়।	(১) ও (২) ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর (২) ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর

	(৩) (ক) মেয়র, বাঘারপাড়া পৌরসভা এর ১২/০৬/২০২২খ্রিঃ তারিখের বাপৌ/২০২২/১৫৭ নং স্মারকে আবেদন ও উপজেলা পরিষদে আগস্ট-২০২২ মাসের আলোচনার প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশনা মোতাবেক ফরেস্টার, সামাজিক বনায়ন, বাঘারপাড়া, যশোর কর্তৃক বাঘারপাড়া চৌরাস্তা মোড়ে শুকিয়ে মারা যাওয়া একটি রেইন্ডি গাছ এবং বাঘারপাড়া পৌরসভা অফিসের ব্রীজের পশ্চিম পাশে নষ্ট হয়ে যাওয়া একটি রেইন্ডি গাছ সর্বমোট দুইটি রেইন্ডি গাছের আলাদাভাবে মূল্য নির্ধারণ করেছেন, যা (মূল্য গোপন রেখে) সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়, সেখানে বলা হয় যেহেতু গাছ দুইটি জেলা পরিষদের সেহেতু বর্ণিত গাছ দুইটি দ্রুততার সহিত কর্তনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশসহকারে জেলা পরিষদকে প্রেরণের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। (খ) চেয়ারম্যান, দরাজহাট ইউনিয়ন পরিষদ এর ২৩/০৮/২০২২খ্রিঃ তারিখের দরাজ/ইউ.পি/বাঘার-১৯৭(১) স্মারকে দাখিলকৃত আবেদন এবং উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশনার প্রেক্ষিতে ফরেস্টার, সামাজিক বনায়ন, বাঘারপাড়া, যশোর কর্তৃক ছাতিয়ানতলা বাজারে মাল্টি পারপাস কমপ্লেক্স ভবন নির্মাণের নিমিত্তে ২টি অর্ধ মৃত রেইন্ডি ও ১টি অর্ধমৃত কৃষ্ণচূড়া গাছ এর মূল্য নির্ধারণ করে দাখিল করেন। সেপ্রেক্ষিতে বর্ণিত গাছগুলি উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন হাট-বাজারের ও গাছগুলি অর্ধমৃত হওয়ায় স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার ১৫/০৮/২০০৭খ্রিঃ তারিখের উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪ নং স্মারকের পরিপত্র গঠিত উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন বিভিন্ন স্থানে অবস্থিত মরা, ঝড়ে পড়া এবং বিনষ্টযোগ্য বিভিন্ন ধরনের গাছ বিক্রয় করার সুপারিশ প্রদানের জন্য গঠিত কমিটি কর্তৃক বর্ণিত গাছগুলি ফরেস্টার কর্তৃক নির্ধারিত মূল্যে (মূল্য গোপন রেখে) বিক্রয়ের জন্য সুপারিশসহকারে উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নির্ধারিত মূল্য (গোপন রেখে) অনুমোদন করতঃ উপরে বর্ণিত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী উক্ত গাছ কর্তন ও নিলামে বিক্রয়ের প্রস্তাবনা অনুমোদনের লক্ষ্যে জেলা প্রশাসক, যশোর বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোরকে অনুরোধ জানানো হয়।	৩(ক) গাছ দুইটি দ্রুততার সহিত কর্তনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশসহকারে জেলা পরিষদ, যশোর বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ৩(খ) নির্ধারিত মূল্য (গোপন রেখে) অনুমোদন করা হয় এবং গাছ কর্তন ও নিলামে বিক্রয়ের প্রস্তাবনা অনুমোদনের লক্ষ্যে জেলা প্রশাসক, যশোর বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	৩(ক) উপজেলা নির্বাহী অফিসার ৩(খ) (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (২) উপজেলা নির্বাহী অফিসার (৩) উপজেলা প্রকৌশলী
৮. উপজেলা পরিষদের বাসা-বাড়ি ও দোকানঘর সংক্রান্ত আলোচনা	(১) উপজেলা পরিষদের বাসাবাড়ি ভাড়া বর্তমান সময়ের সহিত সমন্বয় করার জন্য পরিচালক, স্থানীয় সরকার, খুলনা মহোদয় তার ৩০/০৯/২০২১খ্রিঃ তারিখের পরিদর্শনকালীন নির্দেশনা প্রদান করেন এবং পরবর্তীতে উপপরিচালক, স্থানীয় সরকার, যশোর মহোদয় গত ০৫/০৬/২০২২খ্রিঃ তারিখের পরিদর্শনকালীন সময়ে আবারও তাগিদ প্রদান করেন, যা সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বাসা-বাড়ি ও দোকানঘর এর ভাড়া বর্তমান সময়ের সহিত সমন্বয় করার লক্ষ্যে যাচাইপূর্বক সময় উপযোগী প্রস্তাবনা উপস্থাপন করার জন্য নিম্নরূপ একটি কমিটি গঠন করা হয়। কমিটিঃ ১। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর- সভাপতি ২। উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর- সদস্য সচিব ৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর- সদস্য ৪। চেয়ারম্যান, দোহাকুলা ইউপি, বাঘারপাড়া, যশোর- সদস্য ৫। সাঁট-মুদ্রাঃ কাম কম্পিউটার অপারেটর, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর-- সদস্য	(১) বর্তমান সময়ের সহিত সমন্বয় করার লক্ষ্যে যাচাইপূর্বক সময় উপযোগী প্রস্তাবনা উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপন করার জন্য গঠিত কমিটিকে নির্দেশনা প্রদান করা হয়।	(১) (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (খ) উপজেলা নির্বাহী অফিসার (গ) গঠিত কমিটি

	(২) উপজেলা পরিষদের অর্থায়নে নির্মিত ০৭টি দোকানঘর ইজারা প্রদান করা হয়নি, যা দ্রুততার সহিত ইজারা প্রদান করা প্রয়োজন মর্মে সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের জামে মসজিদের আয় কম হওয়ায় মেরামতসহ ইমাম ও মোয়াজ্জিন এর বেতন দেওয়া সম্ভবপর হচ্ছে না, সেকারনে ব্যবসা প্রতিষ্ঠান করার মাধ্যমে জামে মসজিদের আয় বৃদ্ধির করা যায় কিনা সে বিষয়ে সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ জামে মসজিদের আয় বৃদ্ধির লক্ষ্যে উপজেলা পরিষদের আওতাধীন চৌরাস্তা বাজারের নিকট নির্মিত তিনটি দোকানঘর উপজেলা পরিষদ জামে মসজিদের নামে মাসিক প্রতি দোকান =১,০০০/- (এক হাজার) টাকা করে ০৩টি*১,০০০/- মোট-৩,০০০/- (তিন হাজার) টাকা মাসিক ভাড়া ইজারা প্রদান করার প্রস্তাবনা করা হলে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।	(২) উপজেলা পরিষদের আওতাধীন চৌরাস্তা বাজারের নিকট নির্মিত তিনটি দোকানঘর উপজেলা পরিষদ জামে মসজিদের নামে মাসিক প্রতি দোকান =১,০০০/- (এক হাজার) টাকা করে ০৩টি*১,০০০/- মোট- ৩,০০০/- (তিন হাজার) টাকা মাসিক ভাড়া ইজারা প্রদান সিদ্ধান্ত গৃহীত হয়।	(২) (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (খ) উপজেলা নির্বাহী অফিসার (গ) উপজেলা প্রকৌশলী
০৯.বিবিধ:	(১) জনাব মোঃ আমিন উদ্দীন, সাবেক ভারপ্রাপ্ত চেয়ারম্যান, জহরপুর ইউনিয়ন পরিষদ কর্তৃক মাদক ও বাল্যবিবাহ রোধে সচেতনতামূলক কবিতা রচনা করেছেন, যা বিভিন্ন ইউনিয়ন ও কাজি অফিসসূহে প্রচারনার জন্য সহযোগীতা কামনা করেন। এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে বিষয়টি বিশেষভাবে বিবেচনা করার জন্য অনুরোধ জানানো হয়। (২) বাঘারপাড়া উপজেলাধীন বাঘারপাড়া হইতে বালিয়াডাঙ্গাগামী রাস্তায় চলিত ইজিবাইক ও অটোভ্যান চালকগণ কর্তৃক দাখিলকৃত কুঠিবাড়ি বাজারের আনুমানিক ৩০০ মিটার আগে রাস্তা ভাঙ্গা মেরামত করার আবেদনটি সভায় উপস্থাপন করা হয়, এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, দোহাকুলা ইউপি ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। (৩) প্রধান শিক্ষক, সেকেন্দারপুর মাধ্যমিক বিদ্যালয় কর্তৃক ফ্যান ক্রয় ও বেঞ্চ তৈরীর জন্য আর্থিক অনুদান চেয়ে আবেদন দাখিল করেছেন এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বিষয়টিতে সুপারিশ করেছেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, বন্দবিলা ইউপিকে অনুরোধ জানানো হয়। (৪) মেয়র, বাঘারপাড়া পৌরসভা ২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা পরিষদের আওতাধীন বিভিন্ন ভবন, বাসাবাড়ি ও দোকানঘরের পৌরকর বাবদ ৩,২৭,৫৩৫/- টাকা পরিশোধের জন্য উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। (৫) উপজেলা প্রকৌশলী উপজেলা পরিষদের অভ্যন্তরীণ রাস্তা ও ডেনসমূহ মেরামত/সংস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, বাঘারপাড়া পৌরসভাকে বিশেষভাবে অনুরোধ জানান। এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে মেয়র, বাঘারপাড়া পৌরসভা সভাকে অবহিত করেন।	(১) সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে বিষয়টি বিশেষভাবে বিবেচনা করার জন্য অনুরোধ জানানো হয়। (২) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, দোহাকুলা ইউপি ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। (৩) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, বন্দবিলা ইউপিকে অনুরোধ জানানো হয়। (৪) বিধি মোতাবেক পৌরকর পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। (৫) দ্রুততার সহিত রাস্তা ও ডেনসমূহ মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(১)ইউপি চেয়ারম্যান(সকল) (২)(ক) চেয়ারম্যান, দোহাকুলা ইউপি (খ) উপজেলা প্রকৌশলী (৩)চেয়ারম্যান, বন্দবিলা ইউপি (৪) (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (খ) উপজেলা নির্বাহী অফিসার (৫) মেয়র, বাঘারপাড়া

(৬) উপজেলা পরিষদ এর পুকুরে অনেকদিন যাবত মাছ না ধরার কারনে পুকুরের মাছের আকার বৃদ্ধি পাচ্ছে না, বিষয়টি সভাকে অবহিত করা হয়। এ বিষয়ে সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে পুকুর থেকে মাছ মেরে বিক্রয়লব্ধ অর্থ উপজেলা পরিষদ জামে মসজিদের ফাণ্ডে জমা প্রদানপূর্বক পুকুরকে মাছের বৃদ্ধির উপযোগীকরনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানান হয়।	(৬)পুকুর থেকে মাছ মেরে বিক্রয়কৃত অর্থ উপজেলা পরিষদ জামে মসজিদে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।	(৪)(ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (খ) উপজেলা নির্বাহী অফিসার (গ) উপজেলা মৎস্য কর্মকর্তা
---	---	--

অতঃপর অধ্যাকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


ভিন্টোরিয়া পারভীন সাথী
সভাপতি

ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২২-৪২

তারিখঃ ১২/ ০৯/ ২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯. মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১. চেয়ারম্যান, ... ইউনিয়নপরিষদ, বাঘারপাড়া, যশোর।
১২. সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।


সৈয়দ জাকির হাসান
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর।